



নির্বাচন কমিশন বাংলাদেশ
উপজেলা মৎস্য অফিসার
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
কুতুবদিয়া, কক্সবাজার।

স্মারক নং-১৭.০৩.২২৪৫.০০০.৩২.০০২.১৬-৭১

তারিখ- ১২/০২/২০১৬খ্রিঃ।

ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি

যেহেতু, জেলা নির্বাচন অফিসার, কক্সবাজার কর্তৃক ১১/০২/২০১৬খ্রিঃ তারিখের ১৭.০৩.২২০০.০০০.১৯.০০৪.১৫-৫৪ নং স্মারক মূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলার ৬টি ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী আমি মোঃ বেনজির আহমেদ, উপজেলা মৎস্য অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলার লেমশীখালী ইউনিয়ন ও আলী আকবর ডেইল ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	ঃ	২২ ফেব্রুয়ারী ২০১৬	(সোমবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়ন পত্র বাছাইয়ের তারিখ	ঃ	২৩-২৪ ফেব্রুয়ারী ২০১৬	(মঙ্গলবার-বুধবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০২ মার্চ ২০১৬	(বুধবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	২২ মার্চ ২০১৬	(মঙ্গলবার)

আমি আরও জানাইতেছি যে, আগামী ১২/০২/২০১৬ তারিখ হইতে ২২/০২/২০১৬ তারিখ (সোমবার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা মৎস্য অফিস, কুতুবদিয়া) মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

Beij
12.02.16
(মোঃ বেনজির আহমেদ)
উপজেলা মৎস্য অফিসার
কুতুবদিয়া, কক্সবাজার
ও

রিটার্নিং অফিসার

লেমশীখালী ও আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬

তারিখ- ১২/০২/২০১৬খ্রিঃ।

স্মারক নং-১৭.০৩.২২৪৫.০০০.৩২.০০২.১৬-৭১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ইসলামিক ফাউন্ডেশন ভবন (৭ম তলা) ঢাকা।
- ৩। মহা-পরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৬। পুলিশ সুপার, কক্সবাজার।
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার।
- ১০। জেলা নির্বাচন অফিসার, কক্সবাজার ও আপীল কর্তৃপক্ষ, উক্ত ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০১৬।
- ১১। অফিসার ইন-চার্জ, কুতুবদিয়া থানা, কক্সবাজার।
- ১২। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার।
- ১৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
- ১৪। সচিব, ইউনিয়ন পরিষদ কার্যালয়, কুতুবদিয়া, কক্সবাজার। (উক্ত বিজ্ঞপ্তিটি আপনার আওতাধীন ইউনিয়নের জনবহুল ও প্রকাশ্য স্থানে সাঁটাইয়া বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, কুতুবদিয়া প্রেস ক্লাব।
- ১৬। অত্র উপজেলার বিভিন্ন দপ্তরের নোটিশ বোর্ড
- ১৭। অফিস কপি।

Beij
12.02.16
(মোঃ বেনজির আহমেদ)
উপজেলা মৎস্য অফিসার
কুতুবদিয়া, কক্সবাজার
ও

রিটার্নিং অফিসার

লেমশীখালী ও আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬